# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 22 June, 2025

ম্যানচেস্টার ইউনাইটেডে শুরুটা দারুণ ছিল রুড ভ্যান নিস্টেলরয়ের।অন্তবর্তী দায়িত্ব নিয়ে রেড ডেভিলদের স্বপ্নের পালে হাওয়া দিয়েছিলেন।সেই সুবাদেই চলে এসেছিলেন লেস্টার সিটিতে।নেদারল্যান্ডসের কিংবদন্তি এই স্ট্রাইকারকে নিয়ে বেশ বড় স্বপ্নই ছিল লেস্টার সিটির। তবে সেই স্বপ্নটা পূরণ করতেই পারেননি নিস্টেলরয়।লজ্জাজনক রেকর্ড গড়েই অবনমনে পড়ে তার দল।

দল পরিচালনা নিয়ে বেশ সমালোচনার মুখেই পড়েছিলেন ডাচ এই কোচ।তার দলে একেবারেই জায়গা পাননি বাংলাদেশি তারকা হামজা চৌধুরি।ধারে শেফিল্ড ইউনাইটেডের কাছে হামজাকে পাঠানো হয় এরপর।হামজাকে ছাড়াও খুব একটা ভাল কিছু করতে পারেননি নিস্টলরয়।বিপরীতে হামজা নিজের দুর্দান্ত পারফরম্যান্স দিয়ে জয় করেছেন শেফিল্ড ভক্তদের মন।

নিস্টেলরয় তার মৌসুম শেষ করেছেন ২৭ ম্যাচে ৫ জয় দিয়ে।মৌসুমের পর থেকেই তাই আলোচনা ছিল, আদতেই লেস্টারে থাকছেন তো নিস্টেলরয়।এবারে সেই উত্তরের খানিকটা আভাস মিলেছে।ব্রিটিশ গণমাধ্যম ‘দ্য সান’ বলছে চলতি মাসের শেষেই বরখাস্ত হচ্ছেন নিস্টেলরয়।

নিস্টেলরয় বর্তমানে নেদারল্যান্ডসে পরিবারের কাছেই রয়েছেন।তার বর্তমান চুক্তি ৩০ জুন পর্যন্ত।লেস্টার এখনই তাকে ছাঁটাই করে আর্থিক ক্ষতিপূরণ দিতে রাজি নয়।আর সেই কারণেই মূলত তাকে বরখাস্ত করতে অপেক্ষা চলছে।জুনের ৩০ তারিখে মেয়াদ শেষেই নিস্টেলরয়কে

পুরোদমে গুডবাই বলতে যাচ্ছে দ্য ফক্সেসরা।

কে হবেন নতুন কোচ তা নিয়ে এখন পর্যন্ত আভাস মেলেনি।তবে দ্য সানের দাবি, প্রিমিয়ার লিগেরই আরেক পরিচিত মুখ শন ডাইচ হতে যাচ্ছেন লেস্টার সিটির নতুন কোচ।প্রিমিয়ার লিগের অপেক্ষাকৃত নিচের দিকের দলগুলোকে নিয়ে রেলিগেশন এড়ানোর জন্য বেশ পরিচিত নাম শন ডাইচ।এর আগে এভারটন, ওয়েস্টহামের মতো নামী দলেরও কোচ ছিলেন তিনি।

এদিকে নতুন মৌসুম সামনে রেখে অনুশীলন শুরু করেছে লেস্টার সিটি।এরইমাঝে সেই অনুশীলনে যোগ দিয়েছেন হামজা।বাংলাদেশি তারকার দলবদলের গুঞ্জন থাকলেও ধারণা করা হচ্ছে, শেষ পর্যন্ত লেস্টারেই থেকে যাবেন তিনি।

হামজা চৌধুরি ম্যানচেস্টার ইউনাইটেড

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 02:27

URL: https://www.timestodaybd.com/sports/3553681557